

২০২৩

দ্বিতীয় সেমেস্টার

বাংলা — সাম্মানিক

পত্র : CC-3

[বাংলা সাহিত্যের ইতিহাস (উনিশ শতক)]

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) যুগসঙ্কির্ণের কবি হিসাবে ঈশ্বরচন্দ্র গুপ্তের কবিপ্রতিভার পরিচয় দাও। ১০
অথবা,
(খ) বাংলা নাটক রচনায় মাইকেল মধুসূদন দত্তের ব্রতী হওয়ার কারণ কী? বাংলা নাটকের ইতিহাসে মাইকেল মধুসূদন দত্তের অবদান সম্পর্কে আলোচনা করো। ২+৮
- ২। (ক) সামাজিক উপন্যাস রচনায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়-এর কৃতিত্ব আলোচনা করো। ১০
অথবা,
(খ) ঊনবিংশ শতাব্দীর বাংলা সাময়িকপত্রের ইতিহাসে 'বঙ্গদর্শন' পত্রিকার স্থান নির্ণয় করো। ১০
- ৩। (ক) বাংলা গদ্যসাহিত্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান সংক্ষেপে আলোচনা করো। ১০
অথবা,
(খ) বাংলা গদ্যসাহিত্যের উন্মেষপর্বে অক্ষয়কুমার দত্তের অবদান বিচার করো। ১০
- ৪। (ক) কবি নবীনচন্দ্র সেনের 'ত্রয়ী কাব্য' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫
অথবা,
(খ) প্রহসনকার হিসাবে দীনবন্ধু মিত্রের বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও। ৫
- ৫। (ক) 'হতোম প্যাচার নকশা'-র বিষয়বস্তুর সংক্ষিপ্ত পরিচয় দিয়ে এর রচনামূল্যের বৈশিষ্ট্য সম্পর্কে লেখো। ৩+২
অথবা,
(খ) 'বিবিধার্থ সংগ্রহ' পত্রিকার বিশিষ্টতার ক্ষেত্রগুলি সংক্ষেপে আলোচনা করো। ৫

Please Turn Over

- ৬। (ক) বাংলা গদ্যের চর্চা ও বিকাশে শ্রীরামপুর মিশনের ভূমিকা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫
- অথবা,
- (খ) বাংলা গদ্যসাহিত্যের ইতিহাসে মীর মশাররফ হোসেন-এর অবদান সম্পর্কে সংক্ষেপে লেখো। ৫
- ৭। যে-কোনো একটি বিষয়ে টীকা লেখো— ৫×১
- (ক) পদ্মিনী উপাখ্যান
- (খ) স্বর্ণলতা
- (গ) পরিব্রাজক।
- ৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও— ১×১৫
- (ক) 'সাধের আসন'-এর রচয়িতা কে?
- (খ) 'বীরাসুনা' কী জাতীয় কাব্য?
- (গ) 'চৈতন্যলীলা' গ্রন্থটির রচয়িতা কে?
- (ঘ) 'বন্ধুবিরোগ' কাব্যের কবি কে?
- (ঙ) উনিশ শতকে লেখা রবীন্দ্রনাথ ঠাকুরের একটি নাটকের নাম লেখো।
- (চ) 'মহারাষ্ট্রজীবনপ্রভাত' কার লেখা?
- (ছ) 'সোমপ্রকাশ' পত্রিকার প্রথম প্রকাশকাল লেখো।
- (জ) 'তত্ত্ববোধিনী পত্রিকা'-র প্রথম প্রকাশ কত খ্রিস্টাব্দে হয়?
- (ঝ) 'সংবাদ প্রভাকর' কোন সময় থেকে দৈনিক পত্রিকা হিসেবে প্রকাশিত হতে শুরু করে?
- (ঞ) 'আলালের ঘরের দুলাল' কার রচিত?
- (ট) 'ভ্রান্তিবিলাস' কোন গ্রন্থের ভাবানুবাদ?
- (ঠ) নট ও নাটককার গিরিশচন্দ্র ঘোষ-এর জন্মসাল ও মৃত্যুসাল লেখো।
- (ড) 'লোকরহস্য'-র রচয়িতা কে?
- (ঢ) 'সন্ধ্যাসংগীত' ও 'প্রভাতসংগীত' কাব্যগ্রন্থদুটি কার লেখা?
- (ণ) 'কলিকাতা কমলালয়' কার লেখা?

২০২৩

দ্বিতীয় সেমেস্টার

বাংলা — সাম্মানিক

পত্র : CC-4

(বাংলা সাহিত্য : প্রবেশক পাঠ)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) “কাকা তরুণের পঞ্চ বি ডাল” পদটির মর্মার্থ এবং কাব্যসৌন্দর্য বিচার করো। ১০

অথবা,

(খ) ‘বাবরের প্রার্থনা’ কবিতায় শব্দ ঘোষ একটি মিথ ব্যবহার করে সমাজের ভাঙাগড়ার ইতিহাস তুলে ধরেছেন। — আলোচনা করো। ১০

২। (ক) বিস্ময়বোধ এবং সৌন্দর্যবোধের সমন্বয়ে সৃষ্ট কপালকুণ্ডলা চরিত্রের শিল্পসার্থকতা বিচার করো। ১০

অথবা,

(খ) ‘অভাগীর স্বর্গ’ গল্পটির নামকরণের যথার্থ্য বিচার করো। ১০

৩। (ক) দীনবন্ধু মিত্রের ‘নীলদর্পণ’ নাটকটি সার্থক ট্রাজেডি নাটক। — নাটকের মূল বিষয়বস্তু আলোচনা করে এ বিষয়ে তোমার অভিমত লেখো। ১০

অথবা,

(খ) ‘বইপড়া’ প্রবন্ধে প্রমথ চৌধুরী বইপড়ার স্বপক্ষে যে যুক্তি দিয়েছেন, তা তোমার নিজের ভাষায় লেখো। ১০

৪। (ক) “সই কে বা শুনাইল শ্যাম নাম” — পদটির পদকর্তার নাম উল্লেখ করে পদটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১+৪

অথবা,

(খ) ‘অবনী বাড়ি আছে?’ কবিতাটির মূল ভাব সংক্ষেপে লেখো। ৫

৫। (ক) “কপালকুণ্ডলা ভাবিলেন, ভিক্ষুক দৌড়িল কেন?” — প্রসঙ্গ উল্লেখপূর্বক ব্যাখ্যা করো। ৫

অথবা,

(খ) “আপনার ফাইলে মানুষদের মধ্যে থেকে তাঁর নামটা কেটে দিতে হবে। তিনি তো মানুষ নন, তিনি যে দেবতা, তিনি যে ভগবান।” — কে, কার সম্পর্কে এবং কেন এ কথা বলেছে? ১+১+৩

Please Turn Over

- ৬। (ক) 'নীলদর্পণ' নাটকটি কোন ঐতিহাসিক প্রেক্ষাপটে রচিত হয়েছিল, সংক্ষেপে তার পরিচয় দাও। ৫
- অথবা,
- (খ) "বাজে কথাতেই মানুষ আপনাকে ধরা দেয়।" — সংশ্লিষ্ট প্রবন্ধটির অনুসরণে এই উক্তির তাৎপর্য লেখো। ৫
- ৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো।
- (ক) 'সব লোকে কয় লালন কি জাত' — কবিতাটিতে কবির অসাম্প্রদায়িক চেতনার যে-পরিচয় পাও তা তোমার নিজের ভাষায় লেখো। ৫
- (খ) "অন্দরের মধ্যে হট্টগোল শুনিয়া রায় বাহাদুর বুঝিলেন যুদ্ধ অনিবার্য" — কার সঙ্গে যুদ্ধ? যুদ্ধের অনিবার্যতার কারণ নির্দেশ করো। ১+৪
- (গ) 'নীলদর্পণ' নাটকের চরিত্রগুলির মুখের ভাষার বৈচিত্র্যের কারণ নির্দেশ করো। ৫
- ৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫
- (ক) "এ সখি হামারি দুখের নাহি ওর" — কোন পর্যায়ের পদের অংশ?
- (খ) বড়ু চণ্ডীদাসের পাঠ্য পদটি কোন কাব্যের অংশ?
- (গ) সন্ধেবেলায় রামপ্রসাদ মায়ের কাছে কী বলে আবদার করেন?
- (ঘ) 'নীলদর্পণ' নাটকটির প্রথম প্রকাশকাল লেখো।
- (ঙ) "হিন্দু না ওরা মুসলিম? ওই জিজ্ঞাসে কোন্ জন" — কোন কবিতার অংশ?
- (চ) শাশ্বত রাত্রির বৃকে কবি কীসের প্রত্যাশা করেন?
- (ছ) মতিবিবির পূর্বনাম কী ছিল এবং তার নতুন নামকরণ কী হয়?
- (জ) "যদি জানিতাম যে স্ত্রীলোকের বিবাহ দাসীত্ব, তবে কদাপি বিবাহ করিতাম না" — কে, কাকে একথা বলেছেন?
- (ঝ) "পর-ধন লোভে মত্ত করিনু ভ্রমণ" — 'পর-ধন' বলতে কবি কী বুঝিয়েছেন?
- (ঞ) অভাগীর স্বামী এবং পুত্রের নাম লেখো।
- (ট) 'লক্ষণ' গল্পের লেখক পরশুরামের প্রকৃত নাম কী?
- (ঠ) 'নীলদর্পণ' নাটকে জেলখানা কোথায় অবস্থিত এবং সেখানে কার মৃত্যু হয়?
- (ড) ভীল রমণী মুক্তো পেয়ে ছুড়ে ফেলে দিয়েছিল কেন?
- (ঢ) সুন্দর-অসুন্দরকে কীসের সঙ্গে তুলনা করেছেন লেখক?
- (ণ) চরণদাস এম.এল.এ. গল্পে গুরুজীর পুরো নাম কী?